

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১০

٩. यन गलाता সूमिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যখন বান্দা আল্লাহর যিকর করার সাথে সাথে চিন্তা-ফিকির করে, তখন আল্লাহ তাদের নিয়ে ফেরেস্তাদের নিকট গর্ব করেন

ذكر مباهاة الله جل وعلا ملائكته بذكراه إِذَا قَرَنَ مَعَ الذِّكْرِ التفكُّر

## আরবী

810 \_ أَخْبُرَنَا أَحْمَدُ بُنُ عَلِيٌ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ قَالَ: حَدَّثَنَا أَبُو نَعَامَةَ السَّعْدِيُّ عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ عَنْ أَبِي سَعْيِدِ الْخُدْرِيِّ قَالَ: خَرَجَ مُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ عَلَى حَلْقَةٍ فِي الْمَسْجِدِ فَقَالَ: مَا يُجْلِسُكُمْ ؛ قَالُوا: جَلَسْنَا نَذْكُرُ اللَّهَ قَالَ: آللَّهِ مَا أَجْلَسَكُمْ إِلَّا ذَلِكَ؟ قَالُوا: وَاللَّهِ مَا أَجْلَسَنَا يُذْكُرُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَلَى حَلْقَةٍ مِنْ أَصْحَابِهِ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَلَى حَلْقَةٍ مِنْ أَصْحَابِهِ فَقَالَ: (مَا يُخِلِسُكُمْ)؛ قَالُوا: جَلَسْنَا نَذْكُرُ اللَّهُ وَنَحْمَدُهُ عَلَى مَا هَدَانَا لِلْإِسْلَامِ ومَنَّ عَلَيْنَا بِهِ وَلَا يُخْلِسُكُمْ)؛ قَالُوا: جَلَسْنَا نَذْكُرُ اللَّهُ وَنَحْمَدُهُ عَلَى مَا هَدَانَا لِلْإِسْلَامِ ومَنَّ عَلَيْنَا بِهِ قَالَ: (آللَّهِ مَا أَجْلَسَكُمْ إِلَّا ذَلِكَ)؛ قَالُوا: وَاللَّهِ مَا أَجْلَسَنَا إِلَّا ذَلِكَ قَالَ: (أَمَا إِنِي لَمُ أَسْتَحْلِفُكُمْ تُهُمَةً لَكُمْ وَلَكِنْ جِبْرِيلُ أَتَانِي فَأَخْبَرَنِي أَنَ الله يباهي بكم الملائكة) أَسْتَحْلِفْكُمْ تُهُمَةً لَكُمْ وَلَكِنْ جِبْرِيلُ أَتَانِي فَأَخْبَرَنِي أَنَ الله يباهي بكم الملائكة) الراوي : أَبُو سَعِيدِ الْخُدْرِيّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 6 الرقم: 1810 خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৮১০. আবূ সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "মু'আবিয়া বিন আবূ সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহুমা একবার মসজিদের একটি হালাকার উদ্দেশ্যে বের হলেন, অতঃপর তিনি তাদেরকে বললেন, "আপনারা এখানে কেন বসেছেন?" তারা জবাবে বললেন, "আমরা এখানে আল্লাহর যিকর করার জন্য বসেছি।" তিনি বললেন, "আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করছি, আপনারা কি এজন্যই বসেছেন?" তারা জবাবে বললেন, "আল্লাহর কসম! আমরা কেবল এজন্যই বসেছি।" মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাঁর সাহাবীদের একটি হালাকার উদ্দেশ্যে বের হন, অতঃপর তিনি বলেন, "কোন



জিনিস আপনাদের এখানে বসিয়েছে (আপনারা এখানে কেন বসেছেন)?" তারা জবাবে বললেন, "আমরা এখানে বসেছি আল্লাহর যিকর করার জন্য, তিনি আমাদের ইসলামের হেদায়েত দান করেছেন এবং এর মাধ্যমে তিনি আমাদের উপর দয়া করেছেন, সেজন্য তাঁর প্রশংসা করার জন্য।" তিনি বললেন, "আল্লাহর কসম দিয়ে জিজ্ঞেস করছি, এসব জিনিসই আপনাদেরকে এখানে বসিয়েছে (আপনারা কি এজন্যই বসেছেন)?" তারা জবাবে বললেন, "আল্লাহর কসম! এসব জিনিসই আমাদেরকে এখানে বসিয়েছে (আমরা কেবল এজন্যই বসেছি)।" তিনি বলেন, "জেনে রাখুন, আমি আপনাদেরকে মিথ্যায় অভিযুক্ত করার জন্য শপথ করাইনি। কিন্তু জিবরীল আলাইহিস সালাম আমার কাছে এসেছিলেন অতঃপর তিনি আমাকে জানালেন যে, নিশ্চয়ই আল্লাহ আপনাদের নিয়ে ফেরেস্তাদের নিকট গর্ব করছেন!"[1]

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১/২৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৩০৫; মুসনাদ আহমাদ: ৪/৯২; সহীহ মুসলিম: ২৭০১; তিরমিযী: ৩৩৭৯; নাসাঈ: ৮/২৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ মুসলিম: ৮/৭২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন